



## সংবাদ বিজ্ঞপ্তি

০৪ ফেব্রুয়ারী, ২০১৬

প্রতিবন্ধী ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের সুবিধার্থে অমর একুশে গ্রন্থমেলা ২০১৬ তে  
হুইলচেয়ারের ব্যবস্থা করায় বাংলা একাডেমী কর্তৃপক্ষ এবং বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের  
সংগঠন “সুইচ” কে ব্লাস্টের পক্ষ থেকে অভিনন্দন।

প্রথমবারের মত বাংলা একাডেমীর “অমর একুশে গ্রন্থমেলায়” প্রতিবন্ধী ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের সুবিধার্থে  
হুইলচেয়ারের ব্যবস্থা করায় বাংলা একাডেমী কর্তৃপক্ষকে এবং এই উদ্যোগে সার্বিক সহায়তা করায় ঢাকা  
বিশ্ববিদ্যালয় ও বুয়েট শিক্ষার্থীদের সংগঠন “সুইচ” কে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট  
(ব্লাস্ট)-এর পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন।

সাম্প্রতিক সময়ে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, এবারই প্রথম অমর একুশে  
গ্রন্থমেলায় বাংলা একাডেমির উদ্যোগে প্রতিবন্ধী বা চলতে-ফিরতে কষ্ট হয় এমন মানুষদের জন্য  
হুইলচেয়ারের ব্যবস্থা করা হয়েছে, যেখানে ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েট শিক্ষার্থীদের সংগঠন “সুইচ” এর  
প্রতিনিধিবৃন্দ স্বেচ্ছাশ্রম দিয়ে সার্বিক সহযোগিতা করছে।

বিগত বছরগুলোতে অমর একুশে বই মেলা চলাকালীন সময়ে টিএসসি এবং দোয়েল চত্বর প্রান্তের প্রবেশপথ  
থেকে রিক্সা সহ সকল যানবাহন চলাচল বন্ধ করে দেয়ার ফলে এবং উভয় প্রবেশদ্বারে কোন বিকল্প যানবাহন  
সংরক্ষিত না রাখায় শারীরিক ও দৃষ্টি প্রতিবন্ধী এবং বয়োজ্যেষ্ঠ ব্যক্তিগণ নানা প্রতিকূলতার সম্মুখীন হতেন।  
বর্তমানে এ উদ্যোগ গ্রহণ করায় যারা চলাচলে প্রতিবন্ধকতার সম্মুখীন তারাও সহজেই বইমেলা ঘুরে দেখতে  
পারবেন যেখানে। বাংলা একাডেমী কর্তৃক এধরনের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ২০১৩ সালের ৯ অক্টোবর  
তারিখে প্রণীত প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর প্রবেশগম্যতা বিষয়ক বিধানটি  
বাস্তবায়িত হল। আমাদের প্রত্যাশা কর্তৃপক্ষ হুইলচেয়ারগুলোর সুষ্ঠু ব্যবস্থাপনা ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত  
করবেন।

উল্লেখ্য যে, গত ৩ জানুয়ারী, ২০১৬ ব্লাস্টের পক্ষ থেকে অমর একুশে গ্রন্থমেলায় প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য  
যুক্তি সাপেক্ষ ব্যবস্থায়ন এর ব্যবস্থা করার আবেদন জানানো হয়। উক্ত আবেদন পত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
দোয়েল চত্বর ও টিএসসি প্রান্তে স্থাপিত প্রবেশ দ্বারে পর্যাপ্ত সংখ্যক হুইল চেয়ার সংরক্ষিত রাখা, উভয় প্রান্তের  
প্রবেশ দ্বার সহ মেলায় প্রবেশের মূল ফটক সমূহে দায়িত্বরত নিরাপত্তা কর্মীদের প্রতিবন্ধী-বান্ধব আচরণ  
সম্পর্কিত নির্দেশনা প্রদান এবং মেলা প্রাঙ্গণে প্রতিবন্ধী ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের জন্য একটি “ড্রাম্যামান  
প্রতিবন্ধী সেবা কেন্দ্র” বা প্রতিবন্ধী কর্ণার স্থাপনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd